# এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (সৃজনশীল)

সময়— ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

[ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে-কোন ৭টি প্রশ্নের উত্তর দাও:]

১.▶ অনেক বছর বিদেশে অবস্থান করার পর জনাব রাজিব সাহেব দেশে ব্যবসায় করার সিদ্ধান্ত গ্রহণ করেন। তার বন্ধু সজিব সাহেব তাকে লাভ-ক্ষতি গ্রহণের শর্তে তাদের ব্যবসায়ের অংশীদার হওয়ার প্রস্তাব দেয়। অনেক ভেবে তিনি নিজেই মহল্লায় কসমেটিকস এর ব্যবসায় শুরু করেন। মহল্লাবাসীর অধিকাংশই তার গ্রাহক। ফলে ব্যবসায় থেকে সারা বছরই কমবেশী মুনাফা অর্জিত হয়।

ক. ক্রেডিট কার্ড কী? ১
খ. কার্যারম্ভের অনুমতি পত্র কাকে বলে? ২
গ. জনাব রাজিব সাহেব কোন প্রকারের অভ্যন্তরীণ বাণিজ্যের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রাজিব সাহেব এর বন্ধুর প্রস্তাবে রাজি না হয়ে নতুন ব্যবসায় শুরু করার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২.▶ শিপন ও তার সাত বন্ধু মিলে 'সততা টেক্সটাইল' নামে একটি কোম্পানি গঠন করেছে। যার বর্তমান পরিচালক সংখ্যা দুই জন। সম্প্রতি প্রতিষ্ঠানটি জনগণের কাছে শেয়ার বিক্রয় করতে গিয়ে আইনগত ঝামেলার সম্মুখীন হয়েছে।

ক. বিবরণপত্র কী? ১
খ. সঞ্চয়ী অগ্রাধিকার শেয়ার কাকে বলে? ২
গ. 'সততা টেক্সটাইল' কোন ধরনের কোম্পানী সংগঠন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির শেয়ার বিক্রয়ের ঝামেলা দূরীকরণে করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৩.▶ মি. মবিন বৈদেশিক বাণিজ্যের সাথে সম্পৃক্ত। তিনি পার্শ্ববর্তী দেশ ভারত থেকে পিয়াজ আমদানি করে বাংলাদেশে বিক্রয় করেন। এ বছর পিয়াজের মৌসুমে অধিক পরিমাণে পিয়াজ আমদানি করলেও তিনি যথাসময়ে তা বাজারজাত করেননি। এতে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি হয় এবং পিয়াজের মূল্য অত্যাধিক বেড়ে যায়। মি. মবিন এ সুযোগ প্রচুর মুনাফা অর্জন করেন।

ক. CSR কী? ১
খ. ব্যবসায় কীভাবে পরিবেশ দূষিত করে? ২
গ. মি. মবিনের কার্যক্রমে ব্যবসায়ের কোন দিকটি অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. মবিন সমাজের যে পক্ষের প্রতি দায়িত্ব পালনে অবহেলা করেছেন, তা পালনের আবশ্যকতা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com
http://teachingbd.com

৪.▶ বৃপু, অপু ও দিপু তিন বন্ধু চুক্তির মাধ্যম একটি ব্যবসায় গঠন করে। অপু ব্যবসায়ে কোন অর্থ বিনিয়োগ না করলেও সার্বক্ষণিক পরিচালনার দায়িত্ব পালন করেন। ব্যবসায় বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত মূলধনের প্রয়োজন দেখা দিলে তাদের আরেক বন্ধু নিলুকে ব্যবসায়ের অংশীদার করে নেয়। নিলু সরবরাহকৃত ৫০,০০০/= পর্যন্ত দায় গ্রহণ করতে সম্মত হয়। পরবর্তীতে তিন লক্ষ টাকা অনাকাঙ্খিত দায়ের সৃষ্টি হয় এবং নিলু চুক্তির অতিরিক্ত দায় বহনে অস্বীকৃতি জানায়।

ক. অংশীদারী ব্যবসায়ের নিবন্ধন কী? ১
খ. নির্দিষ্ট অংশীদারী ব্যবসায় কাকে বলে? ২
গ. অপু কোন প্রকারের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে অংশীদার নিলুর দায় পরিশোধে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫.▶ মহিমা ফুড লিঃ নির্দিষ্ট চিহ্ন ব্যবহার করে শিশু খাদ্য বাজারজাত করে। প্রতিষ্ঠানটি উক্ত চিহ্নটি এককভাবে সবার নিকট পরিচিত করে তোলার জন্য স্থায়ী সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করেছে। প্রতিষ্ঠানটি মানসম্মত পণ্য উৎপাদনের জন্য সকলের আস্থা অর্জন করেছে। ইতিমধ্যে প্রতিষ্ঠানটি বাংলাদেশের একটি প্রতিষ্ঠান থেকে পণ্যের সঠিক গুণাগুণ সম্পর্কিত সনদ সংগ্রহ করেছে।

ক. বাংলাদেশে বহাল প্যাটেন্ট আইন কত সালের? ১
খ. নারী উদ্যোক্তা বলতে কী বোঝায়? ২
গ. 'মহিমা ফুড লিঃ' কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি যে সংস্থা থেকে সনদ সংগ্রহ করেছে পণ্যের গুণাগুণ রক্ষায় তার ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬.▶ রমজান সাহেব একজন শিল্পপতি। দক্ষ শ্রমিক এবং অবকাঠামোগত সুবিধার কথা ভেবে তিনি আশুলিয়ায় একটি গার্মেন্টস প্রতিষ্ঠা করেছেন। প্রতিষ্ঠানের উন্নতির লক্ষ্যে তিনি পণ্য উৎপাদন ও বণ্টন কাজে সংশ্লিষ্ট সকল ব্যক্তির সাথে যোগাযোগ কার্যে ইন্টারনেট ও ইলেক্ট্রনিক প্রযুক্তি ব্যবহার করেন।

ক. ই-রিটেইলিং কী? ১
খ. রাজনৈতিক পরিবেশ বলতে কী বোঝায়? ২
গ. পরিবেশের কোন উপাদানের বিবেচনা করে রমজান সাহেব আশুলিয়ায় গার্মেন্টিস স্থাপন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রমজান সাহেব ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় তথ্য প্রযুক্তির কোন পদ্ধতি ব্যবহার করেন? বিশ্লেষণ কর। ৪

৭.▶ সরকার দ্বিতীয় বৃহত্তম সমুদ্রসৈকত কুয়াকাটা দর্শনার্থীদের জন্য আকর্ষণীয়, নিরাপদ ও আরামদায়ক করার লক্ষ্যে হোটেল-মোটেল স্থাপন ও আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতিমধ্যে একটি সংস্থাকে উক্ত দায়িত্ব অর্পণ করেছে। এছাড়াও সরকার ঢাকার সাথে কুয়াকাটা অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা উন্নত করণের লক্ষ্যে জনগণের সাথে যৌথ অর্থায়নের মাধ্যমে অবকাঠামো নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. রাষ্ট্রীয় ব্যবসায় কিভাবে একচেটিয়া প্রবণতা রোধ করে? ২
গ. সরকার কুয়াকাটা সমুদ্র সৈকত উন্নয়নের দায়িত্ব কোন সংস্থাকে অর্পণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অবকাঠামো নির্মাণের জন্য সরকার যে ব্যবসায়ের পরিকল্পনা গ্রহণ করেছে বাংলাদেশের প্রেক্ষাপটে তার প্রয়োজনীয়তা লেখ। ৪

http://teachingbd.com

৮.▶ সজল নিজের চেষ্টায় প্রতিষ্ঠিত হওয়ার লক্ষ্যে অগ্রণী ব্যাংক থেকে ঋণ নিয়ে নিজ বাড়িতে হস্তশিল্পের কারখানা স্থাপন করেন। এলাকার মহিলা ও বেকার যুবকদের প্রশিক্ষণ দিয়ে তার শিল্পের সাথে সম্পৃক্ত করেন। পরবর্তীতে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে সরকারী একটি সংস্থা আন্তর্জাতিক বাণিজ্য মেলার আয়োজন করে এবং সজল সেখানে স্টল ভাড়া নিয়ে পণ্য বিক্রয় করেন। এতে প্রচুর মুনাফা অর্জিত হয় এবং সজল সফল ব্যবসায়ি হিসাবে পরিচিতি পায়।

ক. সাপটা কী? ১

খ. ব্যবসায়ের সহায়ক সেবা বলতে কী বোঝায়? ২

গ. অগ্রণী ব্যাংক সজলকে কোন ধরনের সহায়তা প্রদান করেছে? ব্যাখ্যা কর।৩

ঘ. 'বাণিজ্য মেলা আয়োজনকারী সংস্থাই সজলকে ব্যবসায়ে প্রতিষ্ঠিত করেছে'-মূল্যায়ন কর। ৪

৯.▶ সুবর্নচরের জেলেরা একত্রিত হয়ে নিজেদের আর্থিক উন্নয়ন ও প্রয়োজনে অর্থসংস্থানের সুবিধা পাওয়ার উদ্দেশ্যে একটি সমবায় গঠনের উদ্যোগ গ্রহণ করে। এ বিষয়ে নিবন্ধকের সাথে পরামর্শ করলে নিবন্ধক তাদেরকে সমবায়ের নিয়মনীতি উল্লেখ করে একটি দলিল প্রস্তুত করতে বললেন এবং নির্দিষ্ট ফরম পূরণ করে উক্ত দলিলসহ নিবন্ধন করার পরামর্শ প্রদান করলেন।

ক. সমবায়ের মূলমন্ত্র কী? ১

খ. সমবায়ের নিরপেক্ষতার নীতি কাকে বলে? ২

গ. নিবন্ধক জেলেদের কোন দলিল প্রস্তুত করতে বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুবর্ণচরের জেলেরা উদ্দেশ্য ভিত্তিক যে সমবায় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে তা ভবিষ্যতে অর্থের প্রয়োজন মেটাতে পারবে কিনা-উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ 'তাইয়ান এন্ড কোং' একটি পাবলিক লি. কোম্পানী। প্রতিষ্ঠানটি গত তিন বছর যাবৎ সফলতার সাথে কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠানটির অতিরিক্ত মূলধনের প্রয়োজন দেখা দেয়ায় এ বছর সঞ্চিতি তহবিলের অর্থ মূলধনে পরিণত করেছে। সম্প্রতি প্রতিষ্ঠানটির শেয়ারের মূল্য হ্রাস পাওয়ায় 'অহনা এন্ড কোং' নামে অন্য একটি কোম্পানী উক্ত প্রতিষ্ঠানের ৬০% শেয়ার ক্রয় করে নেয়।

ক. বিধিবন্ধ দায়িত্ব কী? ১

খ. কোম্পানির অস্তিত্ব চিরন্তন হয় কেন? ২

গ. 'তাইয়ান এন্ড কোং' কোন পদক্ষেপ গ্রহণ করে সঞ্চিতি তহবিলের অর্থ মূলধনে পরিণত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'অহনা এন্ড কোং' এর বর্তমান অবস্থান মূল্যায়ন কর। ৪

১১.▶ 'সাহসি' ইন্ডাস্ট্রিজ এর মালিক জনাব সাদিক মিয়া চীন থেকে টেলিভিশন তৈরির যন্ত্রাংশ এনে নিজস্ব কারখানায় একত্রিতকরণের মাধ্যমে সম্পূর্ণ টেলিভিশন প্রস্তুত করেন। এছাড়াও তিনি অন্য এক ধরনের ব্যবসায় পরিচালনা করেন যেখানে তিনি তার বিক্রিত টেলিভিশনসহ অন্যান্য ইলেক্ট্রিনিক সরঞ্জামে সমস্যা দেখা দিলে মেরামতের ব্যবস্থা করেন। এ ব্যবসায়ে তার যথেষ্ট সুনাম রয়েছে।

ক. প্রাথমিক শিল্প কী? ১

খ. রূপগত উপযোগ বলতে কী বোঝায়? ২

গ. জনাব সাদিক সাহেব কোন প্রকারের শিল্পের সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাদিক মিয়ার পরবর্তী ব্যবসায়িক কার্যক্রম ব্যবসায়ের যে শাখার সাথে সাদৃশ্যপূর্ণ তার অর্থনৈতিক গুরুত্ব আলোচনা কর। ৪

http://teachingbd.com

# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৭ ৭

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ব্যবসায়ের প্রাণশক্তি কোনটি?

ক মুনাফা অর্জন খ বৈধ উদ্দেশ্য
গ মূলধন ঘ ভোক্তা

২. উদ্যোক্তার প্রশিক্ষণ ক্ষেত্র হিসেবে কোন ব্যবসায় সংগঠন অধিক উপযোগী?

ক একমালিকানা
খ অংশীদারি
গ যৌথ মূলধনী
ঘ সমবায় সমিতি

৩. ঐচ্ছিক অংশীদারি ব্যবসায়ে সর্বনিম্ন কতজন সদস্য থাকে?

ক ২ খ ৭
গ ১০ ঘ ২০

৪. ঢাকাই জামদানির ডিজাইন ও চাহিদার কোন পরিবর্তন আজ অবধি হয়নি। এখানে ব্যবসায় পরিবেশের কোন উপাদান সম্পর্কে বলা হয়েছে?

ক ঐতিহাসিক খ অর্থনৈতিক
গ সামাজিক ঘ প্রযুক্তিগত

৫. নিচের কোনটি কোম্পানির দলিল বহির্ভূত?

ক সংঘস্মারক
খ উপবিধি
গ পরিচালকদের সম্মতিপত্র
ঘ বিবরণপত্র

৬. বাংলাদেশে পণ্যমান নির্ধারণকারী প্রতিষ্ঠান কোনটি?

ক BTCL খ TIB
গ TCB ঘ BSTI

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।

'Look East' ও 'Look West' নীতিতে বিশ্বাসী একটি সংগঠনের সদস্যভুক্ত দেশ বাংলাদেশ। এ সংগঠনের মূল উদ্দেশ্য হচ্ছে দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়া অঞ্চলের দেশগুলোর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন।

৭. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের সাথে নিম্নের কোন সহায়ক সেবাদানকারী প্রতিষ্ঠানের মিল রয়েছে?

ক আসিয়ান খ বিমসটেক
গ সাপটা ঘ ডব্লিও টিও

৮. এ ধরনের সংগঠনের সদস্যভুক্ত হওয়ার কারণ বাংলাদেশে—

i. উৎপাদিত পণ্যের বাজার সৃষ্টি হবে
ii. মাথাপিছু আয় বৃদ্ধি পাবে
iii. কর্মসংস্থানের সুযোগ বাড়বে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. বাংলাদেশে কত সালে সমবায় সমিতির বিধিমালা চালু আছে?

ক ২০০১ খ ২০০৪
গ ২০১০ ঘ ২০১৫

১০. কপিরাইট আইনের সাথে সম্পৃক্ততা রয়েছে—

i. নজরুলের কবিতা
ii. জয়নুল আবেদীনের শিল্পকর্ম
iii. সাবিনা ইয়াসমিনের গানের এ্যালবাম

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. ড. হোসনে আরা বেগম নিচের কোন প্রতিষ্ঠানটির উদ্যোক্তা?

ক ভারতেশ্বরী হোমস
খ কুমুদিনী হাসপাতাল
গ টিএমএসএস
ঘ ব্র্যাক

১২. যারা অংশীদারি ব্যবসায়ের সদস্য হওয়ার যোগ্য তারা হলো—

i. ১৮ বছর বয়সী একজন নারী
ii অবসরপ্রাপ্ত সরকারি চাকরিজীবী
ii পঁচিশ জন সমমনা যুবক

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. সুতপা দিনাজপুরের চাল ঢাকার বাজারে বিক্রয় করছে। এখানে কোন উপযোগ সৃষ্টি হয়েছে?

ক রূপগত খ সময়গত
গ স্থানগত ঘ তথ্যগত

১৪. নৈতিকতা মূলত কীসের উপর প্রতিষ্ঠিত?

ক মানুষের মনোভাব
খ সত্য ও ন্যায়
গ মানুষের আচরণ
ঘ সামাজিক সংস্কৃতি

১৫. কোন মাধ্যমে স্বল্প ব্যয়ে বিশ্বব্যাপী ক্রেতার নিকট পণ্য উপস্থাপন করা যায়?

ক সংবাদপত্র
খ টেলিভিশন
গ ওয়েব পেইজ
ঘ রেডিও

teachingbd.com

http://teachingbd.com

১৬. পাবলিক লি. কোম্পানিকে কার্যারম্ভের পর ন্যূনতম কতদিনের মধ্যে বিধিবদ্ধ সভা আহ্বান করতে হয়?

ⓚ ৩০ দিন ⓚ ৬০ দিন

ⓖ ৯০ দিন ⓖ ১৮০ দিন

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

মিনহাজ, সায়ন ও জুবায়ের মৌখিক সম্মতির মাধ্যমে একটি ফাস্টফুডের দোকান চালু করে এবং কার্যক্রম সম্পাদনের জন্য তারা জসিমকে নিয়োগ দেয়। কিন্তু জসিম গোপনে ব্যবসায়ের কাগজপত্র নিজের নামে লিখে নেয়ার পরিকল্পনা করে। বিষয়টি তৃতীয় ব্যক্তির মাধ্যমে সায়ন জানতে পারে।

১৭. অংশীদারি ব্যবসায়ের কোন উপাদানের অনুপস্থিতিতে জসিম প্রতারণার সুযোগ পায়?

ক) বৈধ উদ্দেশ্য

খ) লিখিত চুক্তি

গ) স্বেচ্ছাসায়

ঘ) সীমিত দায়

১৮. উদ্ভূত পরিস্থিতিতে মিনহাজদের করণীয় হলো—

i. আদালতের শরণাপন্ন হওয়া

ii. জসিমকে চাকরি থেকে বরখাস্ত করা

iii. চুক্তিপত্র প্রস্তুত এবং নিবন্ধন করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. 'জনসংখ্যা' কোন পরিবেশের অন্তর্ভুক্ত?

ক) প্রাকৃতিক খ) অর্থনৈতিক

গ) সামাজিক ঘ) সাংস্কৃতিক

২০. উৎপাদনের মাধ্যমে নিচের কোন কাজটি করা হয়?

ক) সম্পদ আহরণ

খ) বাজার সম্প্রসারণ

গ) উপযোগ সৃষ্টি

ঘ) ভোক্তা সন্তুষ্টি

২১. বিসিক কত সালে প্রতিষ্ঠিত হয়?

ক) ১৯৩২ খ) ১৯৫৭

গ) ১৯৮৪ ঘ) ২০০৭

২২. নিম্নের কোনটি রাষ্ট্রীয় ব্যবসায়?

ক) বাংলাদেশ জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি.

খ) বাংলাদেশ কর্মাস ব্যাংক লিমিটেড

গ) ন্যাশনাল ব্যাংক লিমিটেড

ঘ) সাধারণ বিমা কর্পোরেশন

২৩. অমিত গাজীপুরে একটি জুতা তৈরির কারখানা প্রতিষ্ঠা করতে চায়। এক্ষেত্রে তার কারখানা স্থাপনের পূর্বে সর্বপ্রথম কোন প্রতিষ্ঠানের ছাড়পত্র প্রয়োজন?

ক) স্বাস্থ্য মন্ত্রণালয়

খ) পরিবেশ অধিদপ্তর

গ) শিল্প মন্ত্রণালয়

ঘ) বাণিজ্য মন্ত্রণালয়

২৪. B2C দ্বারা কী বোঝানো হয়?

ক) Business to creditor

খ) Business to company

গ) Business to consumer

ঘ) Business to customer

২৫. নিচের কোনটি উৎপাদক সমবায় সমিতির উদ্দেশ্য বহির্ভূত?

ক) ক্রয় অনুপাতে মুনাফা বণ্টন

খ) বৃহদায়তন উৎপাদনের সুবিধা ভোগ

গ) অধিক পুঁজি গঠন

ঘ) ক্ষুদ্র উদ্যোক্তাদের স্বার্থ রক্ষা

২৬. নিম্নোক্ত কোন পক্ষ রাষ্ট্রীয় ব্যবসায়ের সকল দায় দায়িত্ব বহন করে?

ক) সরকার

খ) পরিচালনা পর্ষদ

গ) নির্বাহীগণ

ঘ) জনসাধারণ

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব ইমরুলের প্রচুর অর্থ আছে কিন্তু ব্যবসায়ের কোন দক্ষতা নেই। তথাপি তিনি যৌথ মূলধনী ব্যবসায়ে কম ঝুঁকিতে মালিকানা লাভের জন্য ইচ্ছুক।

২৭. জনাব ইমরুলের জন্য কোন ধরনের বিনিয়োগ উত্তম?

ক) সাধারণ শেয়ার

খ) অগ্রাধিকার শেয়ার

গ) বিলম্বিত শেয়ার

ঘ) ঋণপত্র

২৮. এ ধরনের বিনিয়োগের ফলে তার—

i. দায় সীমাবদ্ধ হবে

ii. পরিচালনার দক্ষতা বাড়বে

iii. অর্থ প্রাপ্তির নিশ্চয়তা থাকবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. নিচের কোনটি উচ্চ মূল্যবোধের পরিচায়ক?

ক) সময়মত পাওনা পরিশোধ

খ) দীর্ঘসময় পণ্য মজুদকরণ

গ) দ্রুত মুনাফা অর্জন

ঘ) ফসলে অধিক কীটনাশক প্রয়োগ

৩০. বিশ্বের সবচেয়ে প্রচলিত ব্যবসায় কোনটি?

ক) একমালিকানা

খ) অংশীদারি

গ) কোম্পানি

ঘ) সমবায়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক |

http://teachingbd.com